তারিখ 03 NOV 2016
পৃষ্ঠা ৬ কলাম ৭

সংবাদ

## প্রতিটি শিক্ষালয়ে জাতীয় সঙ্গীতের মাধ্যমে কার্যক্রম শুরু বাধ্যতামূলক হোক

দেশের প্রতিটি শিক্ষালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীতের মাধ্যমে দিনের কার্যক্রম শুরু হবে- এটাই আমরা দেখতে চাই। ১৯৭৫ সালের ১৫ আগস্টের পর থেকে বহু বছর পর্যন্ত অধিকাংশ শিক্ষালয়ে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত কার্যক্রম হত না। ২০০৯ সাল থেকে দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন বাধ্যতামূলক করা হয়। তবুও মাঝে মধ্যে শোনা যায়, কতিপয় শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন তো হয়ই না, এমনকি জাতীয় সঙ্গীত পর্যন্ত পরিবেশিত হয় না।

এ ব্যাপারে সংশ্লিষ্ট বিভাগ প্রয়োজনে সরেজমিন পরিদর্শন করতে পারেন এবং যে যে শিক্ষালয়ে জাতীয় পতাকা উত্তোলন এবং জাতীয় সঙ্গীত পরিবেশন করবে না তাদের বিরুদ্ধে চাই কঠোর শাস্তিমূলক ব্যবস্থা। প্রয়োজনে ওই সব শিক্ষালয়ের কার্যক্রম বন্ধ করে দিতে হবে।

লিয়াকত হোসেন খোকন
রূপনগর, ঢাকা